অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/10/2026 **গভর্নর ক্যাথি হোকল**

2026 সালের ফিফা বিশ্বকাপের আগে, ড্রোনের অবৈধ ব্যবহার মোকাবিলায় 17.2 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল বরাদ্দ দেওয়া সম্পর্কে গভর্নর হোকল-এর ঘোষণা

এই ফেডারেল তহবিল জননিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ চালকবিহীন বিমান ব্যবস্থার ব্যবহার থেকে সুরক্ষা প্রদানের ক্ষেত্রে স্টেট ও স্থানীয় প্রশাসনের সক্ষমতা আরো বাড়াবে

গভর্নর এর আগে ড্রোন উড্ডয়নের এলাকা আরো সীমিত করার এবং ড্রোনের মাধ্যমে সৃষ্ট যৌক্তিক হুমকি মোকাবিলায় আইনশৃঙ্খলা বাহিনীর ক্ষমতা সম্প্রসারণ করার পরিকল্পনা ঘোষণা করেছিলেন; পাশাপাশি ড্রোন-প্রতিরোধী প্রযুক্তির নিরাপদ পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রে সহায়তার কথাও উল্লেখ করেছিলেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে, ফেডারেল কাউন্টার-আনম্যানড এয়ারক্রাফট সিস্টেমস (Counter-Unmanned Aircraft Systems, C-UAS) গ্র্যান্ট কর্মসূচির মাধ্যমে, 2026 সালের ফিফা বিশ্বকাপ ইভেন্টের নিরাপত্তার দায়িত্বে থাকা নিউ ইয়র্কের চারটি জননিরাপত্তা সংস্থা ড্রোনের অবৈধ ব্যবহারজনিত হুমকি মোকাবিলায় 17.2 মিলিয়ন ডলারেরও বেশি অর্থ বরাদ্দ পেয়েছে। C-UAS গ্র্যান্ট এমন সরঞ্জাম ও সিস্টেম ক্রয়ের জন্য অর্থায়ন করে যা স্টেট ও স্থানীয় সংস্থাগুলোকে জননিরাপত্তার জন্য হুমকিস্বরূপ চালকবিহীন বিমান ব্যবস্থা শনাক্ত করতে, চিহ্নিত করতে, ট্র্যাক করতে, পর্যবেক্ষণ করতে এবং/অথবা এর ঝুঁকি প্রশমিত করতে সহায়তা করে।

"প্রযুক্তির বিবর্তনের সাথে সাথে এটি ব্যবহার করে অন্যদের ক্ষতি করার নতুন নতুন উপায়ও তৈরি হচ্ছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই তহবিল নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে সুদূরপ্রসারী ভূমিকা রাখবে এবং 2026 সালের বিশ্বকাপ এবং আমাদের দেশের 250তম জন্ম বার্ষিকীর মতো ঐতিহাসিক ইভেন্টগুলো নিরাপদ ও সুরক্ষিতভাবে উদযাপন করার সুযোগ করে দেবে।"

2026 অর্থবছরের জন্য, 2026 সালের ফিফা বিশ্বকাপের সাথে যুক্ত ইভেন্টগুলো প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আয়োজন করছে এমন এগারোটি স্টেটের জন্য এবং জাতীয় রাজধানী অঞ্চলের জন্য, যেটি আমেরিকার 250তম স্বাধীনতা দিবস উদযাপনের ইভেন্টগুলো আয়োজন করছে, 250 মিলিয়ন ডলারের প্রতিযোগিতামূলক ফেডারেল তহবিল বরাদ্দ করা হয়েছে। বাকি 250 মিলিয়ন ডলারের তহবিল 2027 অর্থবছরে বরাদ্দ করা হবে।

স্টেট জুড়ে চারটি সংস্থাকে অনুদান প্রদান করা হয়েছে:

প্রাপক	**অর্থের পরিমাণ**
New York State Police (NYSP)	$6,649,007
Metropolitan Transportation Agency (MTA)	$2,605,539
Port Authority of New York & New Jersey (PANYNJ)	$1,500,000
New York City Police Department (NYPD)	$6,460,721

2026 সালের স্টেট অব দ্য স্টেট ভাষণের অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) ড্রোন সংক্রান্ত একটি ব্যাপক পরিকল্পনা গ্রহণের ঘোষণা দিয়েছেন। যেহেতু ড্রোন দিন দিন আরো জনপ্রিয় ও শক্তিশালী হয়ে উঠছে, তাই এটি জননিরাপত্তা, গুরুত্বপূর্ণ অবকাঠামো এবং সাধারণ মানুষের জন্য ক্রমবর্ধমান ঝুঁকি তৈরি করছে। বর্তমান আইনগুলোর সীমাবদ্ধতার কারণে ড্রোন কোথায় চলাচল করতে পারবে তা নিয়ন্ত্রণ করা, ড্রোনের ক্ষতিকর বা বিপজ্জনক ব্যবহারের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়া, কিংবা ড্রোন-প্রতিরোধী কার্যকর প্রযুক্তি পরীক্ষা ও ব্যবহার করার ক্ষেত্রে স্টেটের সক্ষমতা সীমিত।

2027 অর্থবছরের নির্বাহী বাজেটে গভর্নর Hochul (হোকল) একটি সমন্বিত পদক্ষেপ গ্রহণ করেছেন যার লক্ষ্য হলো ড্রোনের ঝুঁকিপূর্ণ ব্যবহার নিষিদ্ধ করার পাশাপাশি প্রথম সাড়াদানকারী হিসেবে ড্রোনের দায়িত্বশীল ব্যবহারের পরীক্ষামূলক প্রয়োগ শুরু করা। তিনি এমন কিছু আইন এবং প্রাতিষ্ঠানিক পদক্ষেপ প্রস্তাব করেছেন যা ড্রোন ওড়ানোর জায়গাগুলোকে আরো সীমিত করবে, ড্রোনের যৌক্তিক হুমকি মোকাবিলায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ক্ষমতা সম্প্রসারণ করবে এবং ড্রোন-প্রতিরোধী প্রযুক্তির নিরাপদ পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রে সহায়তা করবে। এই প্রস্তাবনায় প্রথম সাড়াদানকারী হিসেবে ড্রোনের পরীক্ষামূলক ব্যবহার শুরু করার উদ্দেশ্যে নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) জন্য 5 মিলিয়ন ডলার বরাদ্দ করা অন্তর্ভুক্ত রয়েছে, যা অফিসারদের ঘটনাস্থলে পৌঁছানোর আগেই পরিস্থিতির প্রকৃত অবস্থা মূল্যায়ন করার সুযোগ করে দেবে এবং অফিসার ও জনসাধারণের নিরাপত্তা উন্নত করবে।

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর ভারপ্রাপ্ত কমিশনার Terry O'Leary (টেরি ও'লেরি) বলেন, "এই গ্রীষ্মে নিউ ইয়র্ক যেসব উদযাপন আয়োজন করতে যাচ্ছে সেগুলো সুরক্ষিত রাখার জন্য জনসমাবেশে ড্রোনের কারণে সৃষ্টি হতে পারে এমন হুমকি শনাক্ত ও প্রশমন করার সক্ষমতা অর্জন করা অপরিহার্য। এই তহবিল আমাদের অংশীদার স্টেট পুলিশ, NYPD, MTA এবং পোর্ট অথরিটিকে সেই হুমকি মোকাবিলায় সহায়তা করবে, এবং জননিরাপত্তা নিশ্চিত করার উদ্ভাবনী পন্থার ব্যাপারে তার অব্যাহত সমর্থনের জন্য আমি গভর্নর Hochul (হোকল)-এর প্রতি কৃতজ্ঞ।"

সিনেটর Kirsten Gillibrand (ক্রিস্টেন গিলিব্র্যান্ড) বলেন, "সিনেট আর্মড সার্ভিসেস কমিটির (Senate Armed Services Committee) একজন সদস্য হিসেবে, আমি নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য ড্রোন-প্রতিরোধী সক্ষমতা শক্তিশালী করার এবং ড্রোন-প্রতিরোধী আইন পরিমার্জন ও উন্নত করার লক্ষ্যে ফেডারেল বিনিয়োগ নিশ্চিত করার জন্য বছরের পর বছর ধরে কাজ করেছি। 2026 সালের ফিফা বিশ্বকাপ দ্রুত এগিয়ে আসার এই

সময়ে, আইন প্রয়োগকারী সংস্থাকে বিশ্বকাপের মতো জনসমাগমকে সুরক্ষিত রাখার সুযোগ করে দিয়েছে এমন একটি আইন পাস করতে পেরে এবং আমাদের স্টেটের প্রস্তুত থাকা এবং আমাদের কমিউনিটির সুরক্ষিত থাকা নিশ্চিত করতে সাহায্য করবে এমন ফেডারেল অর্থ পৌঁছে দিতে পেরে আমি গর্বিত। নিউ ইয়র্কের পরিবারগুলোকে রক্ষা করতে এবং আমেরিকানদের সুরক্ষিত রাখতে আমি ফেডারেল তহবিল আনার এই লড়াই অব্যাহত রাখবো।"

রিপ্রেজেন্টেটিভ Pat Ryan (প্যাট রায়ান) বলেন, "2024 সালে স্টুয়ার্ট এয়ারপোর্টে (Stewart Airport) উদ্বেগজনক ড্রোন অনুপ্রবেশের পর থেকে, নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা নিশ্চিত করতে আমি ফেডারেল, স্টেট ও স্থানীয় পর্যায়ে c-UAS কর্তৃপক্ষগুলোকে শক্তিশালী করতে এবং বিভিন্ন উদ্যোগে অর্থায়নের জন্য নিরলসভাবে কাজ করে আসছি। আমি গর্বিত যে নিউ ইয়র্ককে এই গুরুত্বপূর্ণ কর্মসূচির জন্য নির্বাচন করা হয়েছে এবং আমি এই অত্যন্ত জরুরি জননিরাপত্তা উদ্যোগে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সাথে আমাদের অংশীদারিত্ব চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি। বিশেষ করে বিশ্বকাপের আগে, ড্রোন শনাক্ত করা এবং সম্ভাব্য ঝুঁকি প্রশমিত করার সক্ষমতা এখন আর শুধু থাকলে ভালো হবে এমন কোনো বিষয় নয়; জননিরাপত্তার জন্য এটি এখন অপরিহার্য। সরকারের প্রতিটি স্তরে আমাদের ঠিক এই ধরনের উদ্ভাবনকেই অগ্রাধিকার দেওয়া প্রয়োজন।"

স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেস টেরোরিজম, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, আগুন এবং অন্যান্য জরুরি অবস্থার প্রতিরোধ, এগুলি থেকে সুরক্ষা, এগুলির জন্য প্রস্তুতি নেওয়া, সাড়াদান, এবং পুনরুদ্ধারের চেষ্টার ব্যাপারে নেতৃত্ব, সমন্বয় এবং সমর্থন দিয়ে থাকে। আরো তথ্যের জন্য DHSES-এর Facebook পেজ ভিজিট করুন, X-এ @NYSDHSES-কে ফলো করুন বা dhses.ny.gov ভিজিট করুন।

রিয়েল টাইম জরুরি এবং আবহাওয়ার অ্যালার্ট টেক্সট সরাসরি আপনার ফোনে পান। নাম লেখানোর জন্য আপনি যে কাউন্টি বা বরোতে বাস করছেন তার নাম 333111-এ টেক্সট করুন। আরো জানুন dhses.ny.gov/emergency-alerts-এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন